



প্রবাসীদের মাধ্যমে বিদেশি বিনিয়োগ আসলে দেয়া হবে প্রণোদনা: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

প্রবাসী বাংলাদেশীদের নেটওয়ার্ক কাজে লাগিয়ে বিদেশি বিনিয়োগ বাড়াতে নগদ প্রণোদনার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে সরকার। কোনো এনআরবি দেশে ইকুইটি বিনিয়োগ আনতে ভূমিকা রাখলে তিনি বিনিয়োগের ১.২৫ শতাংশ প্রণোদনা পাবেন।

সোমবার তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে বিভার গভর্নিং বোর্ড সভায় এ সিদ্ধান্ত হয়। সভা শেষে বিভার নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বলেন, ব্যক্তিগত রেমিট্যান্সের বাইরে শিল্প ও ব্যবসা খাতে বিনিয়োগ টানতে প্রবাসীদের উৎসাহ দিতেই এই উদ্যোগ। উদাহরণ হিসেবে তিনি জানান, ১০ কোটি ডলারের বিনিয়োগ এলে প্রণোদনা হবে ১২ লাখ ৫০ হাজার ডলার। প্রস্তাবটি চূড়ান্ত অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে পাঠানো হবে।

এ ছাড়া বিদেশে বিভার অফিস খোলার সিদ্ধান্ত হয়েছে। প্রথমে চীন, পরে দক্ষিণ কোরিয়া ও ইউরোপের একটি দেশে অফিস স্থাপনের পরিকল্পনা রয়েছে। এসব অফিসে কমিশনভিত্তিক জনবল নিয়োগ দেওয়া হবে।

একই সভায় বিড়া, বেজা, বেপজা, হাইটেক পার্ক, পিপিপি কর্তৃপক্ষ ও বিসিক—এই ছয় সংস্থাকে ‘সিঙ্গেল আমব্রেলা’ কাঠামোয় আনার রোডম্যাপও অনুমোদন করা হয়েছে। নিয়মিত তদারকি ও দ্রুত সিদ্ধান্ত নিশ্চিত করাই এর লক্ষ্য। পাশাপাশি বেসরকারিকরণ প্রক্রিয়ায় কমিশনভিত্তিক বিনিয়োগ ব্যাংক যুক্ত করার নির্দেশনাও অনুমোদন পেয়েছে।